জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মীর খায়রুল আলম
জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সভা কক্ষ।
আলোচ্য মাস : জুলাই' ২০১৭ খ্রি.।
সভার তারিখ : ১৩ আগস্ট' ২০১৭ খ্রি.।
সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিতি : (পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক গত ০৯ জুলাই'২০১৭ তারিখে অনুষ্ঠিত জেলা আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। গত সভার আলোচনা ও সিদ্ধান্তে কোন সংশোধন/সংযোজন প্রস্তাব না থাকায় তা সর্ব স্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী অলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্ব সম্মতিক্রমেনিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

আলোচ্যসূচি -১: <u>উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান।</u>

সভায় বিবেচ্য মাসে উপজেলা আইন-শৃঙখলা কমিটির অনুষ্ঠিত সভা নিয়ে আলোচনা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভায় জানান, জুলাই' ২০১৭ মাসে সকল উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সকল উপজেলা থেকে কার্য বিবরণী পাওয়া গেছে সভায় নিয়মিত সভা করে কার্য বিবরণী যথাসময়ে প্রেরণ অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত-১.১: প্রত্যেক উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভা করে সভার কার্যবিবরণীর হার্ড কপি ও সফটকপি পরবর্তী মাসের০৫ তারিখের মধ্যে ডাক/বাহক/ই-মেইল এর মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহীঅফিসার (সকল), দিনাজপুর।

আলোচ্যসূচি-২ : <u>জেলার সার্বিকআইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা।</u>

পুলিশ সুপার, দিনাজপুর অফিস হতে প্রাপ্ত জুলাই' ১৭ মাসের অপরাধ বিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। জুলাই' ২০১৭, জুন' ২০১৭ এবং জুলাই' ২০১৬ মাসে দিনাজপুর জেলার তুলনামূলক অপরাধচিত্র নিম্নরূপ:

<u>দিনাজপুর জেলার জুলাই' ২০১৭ মাসের সংঘটিত অপরাধ চিত্র পর্যালোচনা:</u>

মাসের নাম	ডাকাতি	দস্যুতা	খুন	দ্রুতবিচার আইন'০২	দাঙ্গা	নারী নির্যাতন			অপহরণ	পুলিশ আক্রান্ত	সিঁধেল চুরি
						ধর্ষণ	এসিড নিক্ষেপ	অন্যান্য ভাবে			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)
জুলাই' ১৭	নেই	নেই	০৭	০২	নেই	০৫	নেই	২৮	নেই	নেই	নেই
জুন' ১৭	নেই	নেই	০৬	নেই	নেই	০৮	নেই	২০	নেই	নেই	০১
জুলাই' ১৬	০১	০২	০৭	০১	নেই	০৬	নেই	২২	নেই	নেই	০৩

চুরি				উদ্ধারজনিত কারণে রুজুকৃত মামলার সংখ্যা				অন্যান্য মামলা	সর্ব মোট মামলার সংখ্যা	মন্তব্য
গরু চুরি	মটর সাইকেল চুরি	তার চুরি	অন্যান্য চুরি	মাদক দ্রব্য	চোরা-চালান	অস্ত্র আইন	বিস্ফোরক			
(১৩)	(১৪)	(১৫)	(১৬)	(১৭)	(১৮)	(১৯)	(২০)	(২১)	(২২)	(২৩)
নেই	০১	নেই	নেই	৬৬৫	২২১	০১	নেই	৮১	১০১১	
০১	০২	নেই	০৩	২৮৫	৮৭	০২	নেই	৬২	৪৭৭	
০১	০২	নেই	০৪	১৮	৫২	০১	নেই	১৯১	৩১০	

অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য জুলাই /১৭ মাসে ডাকাতি-নেই, দস্যুতা-নেই, খুন-০৭টি, ধর্ষণ-০৫টি, দ্রুত বিচার আইন-নেই, নারী নির্যাতন ২৮ টি, মাদকদ্রব্য ৬৬৫ টি, চোরাচালান ২২১ টি, অস্ত্র আইন-০১ এবং অন্যান্য মামলা ৮১ টি সহ মোট ১০১১ টি বিভিন্ন ধরনের অপরাধ সংঘটিত হয়েছে। গত জুন /১৭ মাসে ডাকাতি-নেই, দস্যুতা-নেই, খুন-০৬টি, ধর্ষণ-০৮টি, দ্রুত বিচার আইন-নেই, নারী নির্যাতন ২০ টি, মাদকদ্রব্য ২৮৫ টি, চোরাচালান ৮৭ টি, অস্ত্র আইন-০২ এবং অন্যান্য মামলা ৬২ টি সহ মোট ৪৭৭ টি বিভিন্ন ধরনের অপরাধ সংঘটিত হয়েছে। জুন/২০১৭ মাসের তুলনায় বিবেচ্য (জুলাই/১৭) মাসে মাদক ও চোরাচালান সংক্রান্ত মামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে।। গত মাস এবং বিগত বছরের একই সময়ের তথ্যের প্রেক্ষিতে জুলাই, ২০১৭ মাসে ধর্ষণ প্রায় একই ও নারী নির্যাতনের মামলা কিছুটা বৃদ্ধি পেয়েছে।

মাদক ও চোরাচালান মামলা প্রসঙ্গে র‍্যাব-১৩ এর প্রতিনিধি সভায় জানান, আইন প্রয়োগকারী সংস্থাসমূহের তৎপরতা বৃদ্ধির কারণে মাদক ও চোরাচালানের মামলা বৃদ্ধি পেয়েছে। গুরুতর অপরাধ দমনে আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতার ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি সংশ্লিষ্ট সংস্থাকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত-২.১ : খুন, ডাকাতি, রাহাজানী, নারী নির্যাতন ও ধর্ষণের ন্যায় গুরুতর অপরাধ প্রতিরোধের লক্ষ্যে অপরাধীদের দ্রুততার সাথে আইনের আওতায় আনতে হবে।

সিদ্ধান্ত-২.২ : গুরুতর অপরাধের সাথে জড়িত অপরাধীরা যাতে সহজে জামিন/অব্যাহতি/খালাস না পায় সে লক্ষ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা দায়ের ও আদালতে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। অধিকন্তু, আদালতে সরকারী স্বার্থ সংরক্ষণে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্যও বিজ্ঞ পি.পি কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : ১) অধিনায়ক, ৪২, ২৯, ২০ বিজিবি, দিনাজপুর/জয়পুরহাট।
২) পুলিশ সুপার, দিনাজপুর।
৩) ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১৩, দিনাজপুর।
৪) উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর ।
৫) বিজ্ঞ পিপি, দিনাজপুর ।

আলোচ্যসূচি-৩ : <u>সার্বি ক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রাসঙ্গিক বিষয়ে মুক্ত আলোচনা।</u>

সভায় সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক প্রতিরোধ ও খুনের ন্যায় অপরাধ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনাকালে জানা যায় বীরগঞ্জ উপজেলায় শালবাগানে, দিনাজপুর সদর উপজেলায় হঠাৎপাড়া, দপ্তরীপাড়া, ষষ্টিতলা, মিশনরোড, হাকিমপুর উপজেলায় চন্ডিপুর গ্রামে মাদক ব্যবহার ও বিক্রয়কারীদের বিষয়ে পুনরায় আলোচনা হয়। এ বিষয়ে উপজেলা নির্ব াহী অফিসার জানান যে, চন্ডিপুর গ্রামে ইতোমধ্যে বিজিবিকে নিয়ে অভিযান পরিচালনা করা হয়। এসকল স্থানে ঘন ঘন অভিযান পরিচালনা করার জন্য সংশ্লিস্ট উপজেলা নির্ব াহী অফিসানগণ ও আইন-শৃঙ্খলা বাহীনিকে অনুরোধ জানানো হয়।

সভায় মাদক বিরোধী অভিযান বৃদ্ধিসহ সন্ত্রাস ও মাদকের অপব্যবহাররোধে সামাজিক সচেতনতা বাড়াতে জেলার সকল সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, সাংবাদিক, সুশীল সমাজ, স্কুল-কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ সকল স্তরের জনগণের সমন্বয়ে সামাজিক আন্দোলন অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। এবিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদকের কুফল বিষয়ক সিডি সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।

সভায় আরও আলোচনা করা হয় যে, বোচাগঞ্জ উপজেলায় আন্তর্জাতিক সীমান্তে ১০০ গজের মধ্যে জনৈক আব্দুস ছামাদ এর বাড়ী নোম্যানস্ ল্যান্ডে অবস্থিত। রাস্তা তৈরীর কাজে তার বসতবাড়ী অপসারণ অপরিহার্য । এবিষয়ে উপজেলা নির্ব াহী অফিসারবোচাগঞ্জ জানান যে, বাড়ীটি তদানিন্তন বৃটিশ আমল থেকে সেখানে রয়েছে। সভায় আরও জানা যায় যে, দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ বিভিন্ন সীমান্তে নোম্যানস্ ল্যান্ডে প্রায় ১৪০০ ঘরবাড়ী রয়েছে মর্মে বিজিবি কর্তৃক তালিকা দাখিল করা হয়েছে জেনেভা কনভেনশন অনুযায়ী নোম্যানস্ ল্যান্ডে কোন স্থাপনা রাখার বিধান নেই। অতিসত্বর এসকল স্থাপনা/ বসতবাড়ী উচ্ছেদ করে পুনর্ব াসনের ব্যবস্থা করা ও এদের আর্থ সামাজিক অবস্থা যাচাই করারইতিপূর্বে গঠিত কমিটিকে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানোহয়েছিল। কিন্তু উক্ত কমিটির নিকট হতে প্রতিবেদন পাওয়া যায়নি। আগামী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় সভায় অনুরোধ করা হয়।

গত সভার সিদ্ধান্তের আলোকে পুনরায় আলোচনা হয় যে, দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে অবস্থিত ১৫৮ টি পিলারে Pakistan অথবা Pak নামে খোদাই করা রয়েছে। এবিষয়ে বিস্তারিত তালিকা পাওয়া গেলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও জরিপ অধিদপ্তরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে। সে জন্য পিলারসমূহের তালিকা জরুরী ভিক্তিতে প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্ব াহী অফিসার ওবিজিবি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষ ণ করা হয়। অধিনায়ক, ৪২/২৯ বিজিবি, ইউএনও, বিরল/বোচাগঞ্জ/ ফুলবাড়ী, দিনাজপুর এর নিকট হতে প্রতিবেদন পাওয়া গেছে। অধিনায়ক, ২০ বিজিবি ও অন্যান্য সীমান্তবর্তী উপজেলাগুলো হতে প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় অনুরোধ জানানো হয়।

পরিশেষে সভায় জানানো হয় যে, গত পবিত্র ঈদ-উল-ফিতর, ২০১৭ এর নামাজের প্রধান জামাত গোর-এ-শহীদ ময়দানে অনুষ্ঠিত হয়। বিভিন্ন টিভি চ্যানেলে খবরের মাধ্যমে ভিন্ন ভিন্ন ভাবে নামাজের মুসল্লীর সংখ্যা প্রকাশ করা হয়। এতে দিনাজপুরবাসী বিভ্রান্তিতে পড়েন। আগামী পবিত্র ঈদ-উল-আযহার নামাজে প্রকৃত মুসল্লী সংখ্যা জেলা প্রশসনের মাধ্যমে ঈদের মাঠেই ঘোষণা দেয়ার জন্য জেলা প্রশাসক মহোদয়কে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৩.১: বীরগঞ্জ উপজেলায় শালবাগানে, দিনাজপুর সদর উপজেলায় হঠাৎপাড়া, দপ্তরীপাড়া, ষষ্টিতলা, মিশনরোড, হাকিমপুর উপজেলায় চন্ডিপুর গ্রামসহ মাদকপ্রবণ চিহ্নিত স্থানে মাদক বিরোধী টাস্কফোর্সের ঘন ঘন অভিযান পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে : ১। অধিনায়ক, ৪২, ২৯, ২০ বিজিবি, দিনাজপুর/জয়পুরহাট।
২। উপজেলা নির্বাহী অফিসারসকল, দিনাজপুর।
৩। অফিসার ইন- চার্জ, সকল, দিনাজপুর।
৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর।

সিদ্ধান্ত- ৩.২: জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকবিরোধী জনসচেতনতা বাড়াতে সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, সুশীলসমাজ, সাংবাদিক, স্কুল কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের সমন্বয়ে কার্যকর সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কর্তৃক মাদকের কুফল বিষয়ক সিডি জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর।
৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৫। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর।
৭। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর।

সিদ্ধান্ত-৩.৩: ভারত-বাংলাদেশ সীমান্তের নোম্যানস্ ল্যান্ডে বসবাসরত ১৪০০ পরিবারের আর্থ সামাজিক অবস্থা যাচাইকল্পে গঠিত কমিটিকে আগামী ০১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : সংশ্লিষ্ট কমিটি।

আলোচ্য সূচি-৪: পৌর এলাকার ড্রেন/ক্যানেল সমুহে ময়লা/আবর্জনা স্তুপ অপসারণ সংক্রান্ত : দিনাজপুরে অতি বৃষ্টি এবং বন্যার কারণে পৌর এলাকার ড্রেন/ক্যানেল সমুহে নোংরা পানি জমে থাকায় মশার উপদ্রব বেড়ে গেছে। পৌর এলাকার জনগণ মশার কামড়ে অতিষ্ট হয়ে পড়েছে। মেয়র, দিনাজপুর পৌরসভা, দিনাজপুরকে পৌর এলাকায় মশা নিধনকল্পে মশানাশক ঔষধ স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। পৌর এলাকায় বন্যার কারণে ড্রেনসহ বিভিন্ন বাজারের রাস্তাঘাটে ময়লা/আবর্জনা স্তুপ হয়ে আছে। যা দ্রুত পরিস্কার করা প্রয়োজন এবং দিনাজপুর শহরকে পরিস্কার পরিচ্ছন্ন রাখার নিমিত্ত মেয়র, দিনাজপুর পৌরসভাকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত- ৪.১: পৌর এলাকায় বিভিন্ন বাজারের রাস্তাঘাটে ময়লা/ আবর্জনাসহ শহরের ড্রেন/ক্যানেলসমুহ পরিস্কার রাখতে হবে।

সিদ্ধান্ত- ৪.২: দিনাজপুর পৌর এলাকায় মশা নিধনকল্পে জরুরী ভিত্তিতে মশানাশক ঔষধ স্প্রে করতে হবে।

বাস্তবায়নে : ১। মেয়র, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।

আলোচ্য সূচি-৫: <u>সড়ক -মহাসড়কে অস্থায়ী পশুরহাট ও শহরের প্রানকেন্দ্রে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গাড়ী চলাচল সংক্রান্ত :</u> সভায় আলোচনা করা হয় যে, ঈদ উল-আজহা উপলক্ষে সড়ক মহাসড়কের পাশে অস্থায়ী পশুহাট বসানোর প্রবণতা রয়েছে। রাস্তার উপর পশুর হাটের কারণে প্রচন্ড যানজটের সৃষ্টি হয় এবং দুর্ঘ টনা ঘটে। এছাড়া শহরের যানজট এড়াতেঈদের ৭দিন পূর্ব হতে শহরের প্রানকেন্দ্রে তথা সরকারী কলেজের মোড় হতে কালিতলা হয়ে ষ্টেশন রোড, মালদহপট্টি হয়ে মুন্সিপাড়া রোড দিয়ে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাসসমূহ চলাচল না করার জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষ ণ করা হয়।এ অবস্থা হতে উত্তরণের জন্য জেলা-উপজেলায় মহাসড়কের পার্শ্বে কোথাও যাতে অস্থায়ী পশুর হাট বসতে না পারে সে জন্য সংশ্লিষ্ট সকলকে আগেভাগে প্রচারনাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হয়।

সিদ্ধান্ত- .৫.১: যানজট এবং সকল ধরণের দূর্ঘ টনা এড়াতে সড়কমহাসড়কের পার্শ্বে অস্থায়ীভাবে পশুরহাট স্থাপন পরিহার করতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর।

সিদ্ধান্ত- .৫.২: শহরের যানজট এড়াতে ঈদ উল-আযহার ৭দিন পূর্ব হতে শহরের প্রানকেন্দ্রে তথা সরকারী কলেজের মোড় হতে কালিতলা হয়ে ষ্টেশন রোড, মালদহপট্টি হয়ে মুন্সিপাড়া রোড দিয়ে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাসসমূহ চলাচল না করার জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষ ণ করা হয়।

বাস্তবায়নে : ১। ভাইস চ্যান্সেলর, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,দিনাজপুর।
২। পুলিশ সুপার, দিনাজপুর।

<u>আলোচ্য সূচি-৬: পৌর এলাকায় কোরবানীর পশু জবাই এবং পশু বর্জ্য অপসারন সংক্রান্ত :</u> ঈদ উল-আযহা উপলক্ষে জেলা শহরসহ সকল পৌর এলাকায় রাস্তার উপর কোরবানীর পশু জবাই করে পশুর বর্জ্য ফেলে রাখা হয় এতে পরিবেশ দূষণ ও জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়; যা জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরুপ। এ বিষয়ে পৌর মেয়রগণকে কোরবানীর পশু জবাইয়ের জন্য স্থান নির্দি ষ্ট করে দিয়েব্যাপক প্রচারণা চালানোর জন্য অনুরোধ করা হয়। নির্দি ষ্টজায়গায় পশু জবাই করে কোরবানীর বর্জ্য তাৎক্ষণিকভাবে মাটিতে পুতে বা অপসারণ করে পরিবেশ স্বাভাবিক রাখার বিষয়ে পৌর কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয় ।

সিদ্ধান্ত- ৬.১: পৌর এলাকায় কোরবানীর পশু জবাইয়ের জন্য স্থান নির্দি ষ্ট করতে হবে।

সিদ্ধান্ত- ৬.২: কোরবানীর পশুর বর্জ্য রাস্তায় ফেলে পরিবেশ দূষণ ও জনসাধারণের চলাচলে যাতে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে বিষয়ে ব্যাপক প্রচারণা করতে হবে।

সিদ্ধান্ত- ৬.৩: পশুর কোরবানীর জন্য জবাইকারীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিতে হবে।

বাস্তবায়নে : ১। মেয়র, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।

আলোচ্য সূচি-৭: <u>ইজিবাইক সংক্রান্ত:</u> দিনাজপুর শহরে বিদ্যমান নাম্বারবিহীন ইজিবাইক চলাচল সংক্রান্ত বিষয়ে ব্যাপক আলোচনা হয়। শহরে অগনিত ইজিবাইক চলাচল করায় প্রচন্ড যানজটের সৃষ্টি হচ্ছে। এতে জনসাধারণের চলাচলের দুর্ভোগ বেড়েছে। এছাড়া শো রুমগুলোতে রীতিমত ইজিবাইক বিক্রি হচ্ছে। জেলা শহরে ৪ হাজার ইজিবাইক চলাচলের জন্য পৌরসভা কর্তৃক নাম্বার প্রদানের সিদ্ধান্ত থাকলেও এখন পর্য ন্ত নাম্বারবিহীনভাবে অগনিত ইজিবাইক শহরে চলাচল করছে। রেজিস্ট্রেশনপ্রাপ্ত ইজিবাইকের তালিকা জরুরী ভিত্তিতে পুলিশ সুপারের নিকট প্রেরণ করার জন্য মেয়র, দিনাজপুর পৌরসভাকে পুনরায় অনুরোধ করা হয়। এছাড়া জেলা শহরকে যানজটমুক্ত রাখতে নাম্বারবিহীন ইজিবাইক চলাচলে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।

সিদ্ধান্ত-৭.১: রেজিস্ট্রেশনপ্রাপ্ত ইজিবাইকের তালিকা জরুরী ভিত্তিতে পুলিশ সুপারের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে : **১।** মেয়র, দিনাজপুর পৌরসভা,দিনাজপুর।

সিদ্ধান্ত-৭.২: জেলা শহরকে যানজটমুক্ত রাখতে নাম্বারবিহীন ইজিবাইক চলাচলে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাকরতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। মেয়র, দিনাজপুর পৌরসভা,দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।

আলোচ্যসূচি-৮: <u>গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত</u>: পারিবারিক ও সামাজিক দ্বন্দ্ব এড়াতে এবং আদালতসমূহে মামলার জট কমাতে গ্রাম আদালত কার্য কর করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য উপজেলা নির্ব াহী অফিসারগণকে অনুরোধ করা হয়। সভায় উপজেলা নির্ব াহী অফিসারগণ জানান, ইউপি চেয়ারম্যানগণ জুলাই/২০১৭ মাসে গ্রাম আদালত পরিচালনা করেছেন। সভায় গ্রাম আদালতের সংশ্লিষ্ট সকল ফরম ও আদেশনামা ব্যবহার করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের নির্দে শনা দিতে উপজেলা নির্ব াহী অফিসারগণকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত**-৮.১:** প্রতি ইউনিয়নে গ্রাম আদালত কার্য কর এবং এ বিষয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে

বাস্তবায়নে : উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মীর খায়রুল আলম)
জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্য ালয় দিনাজপুর।
(জুডিশিয়াল মুন্সিখানা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫. ৫৫.২৭০০.০০৮.১০.০০২.১৭-৭৪৭ তারিখ: ২৮/০৮/২০১৭ খ্রি.।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্য ার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, জেলা আইন-শৃঙখলা কমিটি, দিনাজপুর –
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। সেক্টর অধিনায়ক, বর্ড ার গার্ড, সেক্টর সদর দপ্তর, দিনাজপুর।
৬। অধিনায়ক, ৪২ ,২০ , ২৯ বর্ড ার গার্ড ব্যাটালিয়ন.....
৭। পুলিশ সুপার, দিনাজপুর।
৮। প্রধান নির্ব াহী কর্ম কর্তা জেলা পরিষদ, দিনাজপুর।
৯। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ... দিনাজপুর (সকল) ।
১০। অধ্যক্ষ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর।
১১। সিভিল সার্জন, দিনাজপুর।
১২। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১৩,দিনাজপুর ।
১৩। অধ্যক্ষ, দিনাজপুর সরকারী/মহিলা কলেজ, দিনাজপুর।
১৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বি ক)/(রাজস্ব)/(শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
১৫। উপজেলা নির্ব াহী অফিসার..... (সকল), দিনাজপুর।
১৬। মেয়র, ... পৌরসভা, দিনাজপুর।
১৭। … … … … … … … … … … … … … … … … … .দিনাজপুর।
১৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, দিনাজপুর/জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
১৯। উপ পরিচালক, জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, দিনাজপুর ।/ইসলামিক ফাউন্ডেশন,দিনাজপুর।
২০। জেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা, দিনাজপুর / জেলা খাদ্য নিয়ন্ত্রক,দিনাজপুর/ জেলা মার্কেটিং অফিসার,দিনাজপুর।
২১। সহকারী কমিশনার (গোপনীয়), দিনাজপুর । জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।
২৩। সহকারী পরিচালক, এন.এস.আই, দিনাজপুর / জেলা তথ্য অফিসার, দিনাজপুর।
২৪। সহকারী পরিচালক, বিআরটিএ, দিনাজপুর।
২৫। সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল/ বীরগঞ্জ সার্কেল/ ফুলবাড়ী সার্কেল, দিনাজপুর।
২৬। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, দিনাজপুর।
২৭। তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, দিনাজপুর।
২৮। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ,জেলা কমান্ড, দিনাজপুর।
২৯। অধ্যক্ষ, বীরগঞ্জ ডিগ্রী কলেজ, দিনাজপুর।
৩০। সভাপতি, বার এসোসিয়েশন, দিনাজপুর।
৩১। সভাপতি/সম্পাদক, ..., দিনাজপুর ।
৩২। .....

স্বাক্ষরিত/-
(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্য ালয় দিনাজপুর।
(জুডিশিয়াল মুন্সিখানা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫. ৫৫.২৭০০.০০৮.১০.০০২.১৭-৭৪৬ তারিখ: ২৮/০৮/২০১৭ খ্রিঃ।

বিষয় : জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ।

উপর্যু ক্ত বিষয়ে গত১৩ আগস্ট' ২০১৭ তারিখে অনুষ্ঠিত জেলা আইন- শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত সার-সংক্ষেপ কপি অত্রসাথ তাঁর বরাবরে প্রেরণ করা হলো।

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সিদ্ধান্ত ১.১:	**সিদ্ধান্ত-১.১:** প্রত্যেক উপজেলায় আইন শৃঙ্খলা কমিটির সভা- করে সভার কার্যবিবরণীর হার্ড কপি ও সফটকপি পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ডাক/বাহক/ই-মেইল এর মাধ্যমে এ কার্য ালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্ব াহীঅফিসার (সকল), দিনাজপুর।
সিদ্ধান্ত ২.১ : **সিদ্ধান্ত ২.২ :**	**সিদ্ধান্ত-২.১ :** খুন, ডাকাতি, রাহাজানী, নারী নির্য াতন ও ধর্ষ ণের ন্যায় গুরুত অপরাধ প্রতিরোধের লক্ষ্যে অপরাধীদের দ্রুততার সাথে আইনের আওতায় আনতে হবে। **সিদ্ধান্ত-২.২ :** গুরুতর অপরাধের সাথে জড়িত অপরাধীরা যাতে সহজে জামিন/অব্যাহতি খালাস/না পায় সে লক্ষ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্ব ক মামল দায়ের ও আদালতে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। অধিকন্তুআদালতে , পি কে .সরকারী স্বার্থ সংরক্ষণে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্যও বিজ্ঞ পি বিশেষভাবে অনুরোধ করা হলো।	১ (অধিনায়ক ,বিজিবি ২০ ,২৯ ,৪২ , দিনাজপুরজয়পুরহাট।/ ২ (পুলিশ সুপার, দিনাজপুর। ৩) ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১৩, দিনাজপুর। ৪) উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর ৫ দিনাজপুর ,বিজ্ঞ পিপি (।
সিদ্ধান্ত ৩.১ :	**সিদ্ধান্ত-৩.১:** বীরগঞ্জ উপজেলায় শালবাগানে, দিনাজপুর সদর উপজেলায় হঠাৎপাড়া, দপ্তরীপাড়া, ষষ্টিতলা, মিশনরোড, হাকিমপুর উপজেলায় চন্ডিপুর গ্রামসহ মাদকপ্রবণ চিহ্নিত স্থানে মাদক বিরোধী টাস্কফোর্সে র ঘন ঘন অভিযান পরিচালনা করতে হবে।	১। অধিনায়ক ,বিজিবি ২০ ,২৯ ,৪২ , দিনাজপুরজয়পুরহাট।/ ২। উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর। ৩। অফিসার ইন- চার্জ, সকল, দিনাজপুর। ৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.২ :	**সিদ্ধান্ত- ৩.২:** জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকবিরোধী জনসচেতনতা বাড়াতে সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, সুশীলসমাজ, সাংবাদিক, স্কুল কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের সমন্বয়ে কার্য কর সামাজিক প্রক্রিয় অব্যাহত রাখতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কর্তৃক মাদকের কুফল বিষয়ক সিডি জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে।	১। পুলিশ সুপার ,দিনাজপুর। ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,(সকল)দিনাজপুর। ৩। উপজেলা নির্ব াহী অফিসার,(সকল)দিনাজপুর। ৪। জেলা শিক্ষা অফিসারদিনাজপুর ,। ৫। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর ৭। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস , দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৩ :	**সিদ্ধান্ত-৩.৩:** ভারত বাংলাদেশ সীমান্তের-নোম্যানসল্যান্ডে বসবাসরত ১৪০০ পরিবারের আর্থ সামাজিক অবস্থা যাচাইকল্পে গঠিত কমিটিকে আগামী ০১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় অনুরোধ করা (এক) হলো।	সংশ্লিষ্ট কমিটি।
সিদ্ধান্ত ৪.১ : **সিদ্ধান্ত ৪.২ :**	**সিদ্ধান্ত- ৪.১:** পৌর এলাকায় বিভিন্ন বাজারের রাস্তাঘাটে ময়লা/ আবর্জনাসহ শহরের ড্রেন/ক্যানেলসমুহ পরিস্কার রাখতে হবে। **সিদ্ধান্ত- ৪.২:** দিনাজপুর পৌর এলাকায় মশা নিধনকল্পে জরুরী ভিত্তিতে মশানাশক ঔষধ স্প্রে করতে হবে।	মেয়র, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।

চলমান- ২

সিদ্ধান্ত ৫.১ :	**সিদ্ধান্ত- .৫.১:** যানজট এবং সকল ধরণের দূর্ঘ টনা এড়াতে সড়ক-মহাসড়কের পার্শ্বে অস্থায়ীভাবে পশুরহাট স্থাপন পরিহার করতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৫ :	**সিদ্ধান্ত- .৫.২:** শহরের যানজট এড়াতে ঈদ উল-আযহার ৭দিন পূর্ব হতে শহরের প্রানকেন্দ্রে তথা সরকারী কলেজের মোড় হতে কালিতলা হয়ে ষ্টেশন, রোড, মালদহপট্টি হয়ে মুন্সিপাড়া রোড দিয়ে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাসসমূহ চলাচল না করার জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষ ণ করা হয়।	১। ভাইস চ্যান্সেলরহাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি , বিশ্ববিদ্যালয় দিনাজপুর। ২। পুলিশ সুপারদিনাজপুর। ,
সিদ্ধান্ত- ৬.১: সিদ্ধান্ত- ৬.২: সিদ্ধান্ত- ৬.৩:	**সিদ্ধান্ত- ৬.১:** পৌর এলাকায় কোরবানীর পশু জবাইয়ের জন্য স্থান নির্দি ষ্ট করতে হবে। **সিদ্ধান্ত- ৬.২:** কোরবানীর পশুর বর্জ্য রাস্তায় ফেলে পরিবেশ দূষণ ও জনসাধারণের চলাচলে যাতে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে বিষয়ে ব্যাপক প্রচারণা করতে হবে। **সিদ্ধান্ত- ৬.৩:** পশুর কোরবানীর জন্য জবাইকারীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিতে হবে।	মেয়র, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।
সিদ্ধান্ত- ৭.১:	**সিদ্ধান্ত :১.৭-**রেজিস্ট্রেশনপ্রাপ্ত ইজিবাইকের তালিকা জরুরী ভিত্তিতে পুলিশ সুপারের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।	মেয়র ,দিনাজপুর পৌরসভা ,দিনাজপুর।
সিদ্ধান্ত:২.৭-	**সিদ্ধান্ত :২.৭-**জেলা শহরকে যানজটমুক্ত রাখতে নাম্বারবিহীন ইজিবাইক চলাচলে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। মেয়র ,দিনাজপুর পৌরসভা ,দিনাজপুর। ৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
সিদ্ধান্ত-৮.১:	**সিদ্ধান্ত-৮.১:** প্রতি ইউনিয়নে গ্রাম আদালত কার্য কর এবং এ বিষয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে	উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর।

উপরিউক্ত সিদ্ধান্তাবলী বাস্তবায়ন পূর্ব ক আগামী০৭/০৯/২০১৭ খ্রি. তারিখের প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।

প্রাপক… … … … … … … … … … … … … … … ……..

… … … … … … … … … … … … .দিনাজপুর।

সিদ্ধান্ত ৩.৬ :	**সিদ্ধান্ত-৩.৬:** জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকবিরোধী জনসচেতনতা বাড়াতে সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, স্কুল কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের সমন্বয়ে কার্য কর সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), দিনাজপুর। ৩। উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর। ৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর। ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর। ৬। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর। ৭। এনজিও (সকল), দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৭ :	**সিদ্ধান্ত-৩.৭:** বোচাগঞ্জ উপজেলায় আন্তর্জাতিক সীমান্তে ১০০ গজের মধ্যে জনৈক আব্দুস ছামাদ এর বাড়ী নোম্যানস্ ল্যান্ডে অবস্থিত হওয়ায় বাড়ীটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা নির্ব াহী অফিসা; বোচাগঞ্জ, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৮ :	**সিদ্ধান্ত-৩.৮:** দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত পিলারে Pakistan অথবা Pak নামে খোদাইকরা পিলারের পরিসংখ্যান আগামী সভার পূর্বে প্রেরণ করতেহবে।	১। অধিনায়ক, ৪২, ২৯, ২০, বর্ডার গার্ড ব্যাটালিয়; দিনাজপুর, জয়পুরহাট, ফুলবাড়ী। ২। উপজেলা নির্ব াহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৯ :	**সিদ্ধান্ত- ৩.৯:** নারী নির্য াত- প্রবণ এলাকা/উপজেলায় উঠান বৈঠকের আয়োজন করে সচেতনতামূলক কার্য ক্রম পরিচালনা করতে হবে। কার্য ক্রমের তথ্য নিয়মিতভাবে প্রেরণ করতে হবে	জেলা মহিলা বিষয়ক কর্ম কর্ত, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.১০ :	**সিদ্ধান্ত-৩.১০:** মাদক প্রবণ এলাকায় বিশেষ করে সিটিপার্ক এলাকায় টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে। মোটর সাইকেলের দোকানের উপর বিশেষ নজরদারী করতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর। ৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।
সিদ্ধান্ত-৪:	**সিদ্ধান্ত-৪:** জেলা শহরকে যানজটমুক্ত রাখতে নাম্বারবিহীন ইজিবাইক চলাচলে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। মেয়র, দিনাজপুর পৌরসভা,দিনাজপুর। ৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
সিদ্ধান্ত-৫:	**সিদ্ধান্ত-৫:** তালিকাভূক্ত ১৩টি ঔষধের দোকানে বর্ণি ত ঔষ বিক্রয়ের ক্ষেত্রে স্টক রেজিস্টার এবং বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধকরণ এবং ডাক্তারের প্রদত্ত প্রেসক্রিপশনের ফটোকপি সংরক্ষণসহ ঔষধের পরিমাণ উল্লেখ করে দোকানের সীল ব্যবহার করতে হবে।	১। ঔষধ তত্ত্বাবধায়ক, দিনাজপুর। ২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেমিষ্ট এন্ড ড্রাগিস্ট সমিতি (বিসিডিএস), দিনাজপুর।
সিদ্ধান্ত-৬:	**সিদ্ধান্ত-৬:** সীমান্ত এলাকায় নোম্যান্স ল্যান্ডে অবৈধ স্থাপনায় বসবাসকারীদের তালিকা পরবর্তী সভার পূর্বে দাখিল করতে হবে	উপজেলা নির্ব াহী অফিসার(সংশ্লিষ্ট), দিনাজপুর।
সিদ্ধান্ত-৭:	**সিদ্ধান্ত-৭:** প্রতি ইউনিয়নে গ্রাম আদালত কার্য কর এবং এ বিষয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।	উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর।

উপরিউক্ত সিদ্ধান্তাবলী বাস্তবায়ন পূর্ব ক আগামী ০৬/০৭/২০১৭ খ্রি. তারিখের প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।

প্রাপক… … … … … … … … … … … … … … … …..

… … … … … … … … … … … … ….দিনাজপুর।

১১/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্য পত্র

আলোচ্যসূচি	সিদ্ধান্ত	অগ্রগতির প্রতিবেদন
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা প্রসঙ্গে।	সিদ্ধান্ত-১.১: প্রত্যেক উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভা করে সভার কার্যবিবরণীর হার্ড কপি ও সফটকপি পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ডাক/বাহক/ই-মেইল এর মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।	এ বিষয়ে সকল উপজেলা হতে নিয়মিত কার্য বিবরণী পাওয়া যায়।
গুরুতর অপরাধ নিয়ন্ত্রণ কল্পে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে আলোচনা।	সিদ্ধান্ত-২.১ : খুন, নারী নির্যাতন, ধর্ষণ ও মাদক জনিত অপরাধ প্রতিরোধের লক্ষ্যে অপরাধীদের আইনের আওতায় আনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এছাড়া গুরুতর অপরাধ সংগঠনকারীরা যেন সহজেই জামিন/মামলা থেকে মুক্তি না পায় সে লক্ষ্যে সুষ্ঠুভাবে তদন্ত কার্যক্রম সম্পাদনসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ রাখতে হবে।	বিবেচ্য মে/১৭ মাসে ডাকাতি-০১, দস্যুতা-নেই, খুনের-০৪ টি এবং ধর্ষণের-০৭টি অপরাধ সংঘটিত হয়েছে। গত এপ্রিল/১৭ মাসে ডাকাতি-নেই, দস্যুতা-নেই, খুনের-০৪টি এবং ধর্ষণের-০৪টি অপরাধ সংঘটিত হয়েছে। বিস্তারিত প্রতিবেদন পরিশিষ্ট-০১ এ দেখানো হলো।
মাদকবিরোধী বিষয়ে সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে	সিদ্ধান্ত-৩.১: হাকিমপুর উপজেলায় চন্ডিপুর গ্রামে মাদক ব্যবহার ও বিক্রয়কারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মাদক ব্যবহার ও বিক্রয়কারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ অফিসার ইনচার্জ, হাকিমপুর থানা, দিনাজপুর বরাবরে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
টোল আদায় রোধ প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.২: দিনাজপুর জেলার বিভিন্ন শহরে চলাচলকারী ট্রাক চালকদের নিকট হতে বিধি বহির্ভূতভাবে টোল আদায় রোধ করতে হবে।	টোল আদায় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, দিনাজপুর বরাবরে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
হোটেল রেস্তোরাঁয় দিনের বেলা প্রকাশ্যে পানাহার প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.৩: আসন্ন পবিত্র রমজান মাসে হোটেল রেস্তোরাঁয় দিনের বেলা প্রকাশ্যে পানাহার বন্ধ রাখতে হবে।	রমজান মাসে হোটেল রেস্তোরাঁয় দিনের বেলা প্রকাশ্যে পানাহার বন্ধ রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেম্বর অব কমার্স এবং হোটেল রেস্তোরাঁর মালিক সমিতি বরাবরে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।

মাদকের কুফল বিষয়ে এবং নারী নির্য াতন প্রতিরোধমূলক সভা প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.৪: জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদক বিরোধী জনসচেতনতা বাড়াতে সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, স্কুল কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের সমন্বয়ে কার্য কর সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।	জেলা শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণ প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.৫: রমজান মাসে ইফতার ও তারাবী নামাজের সময় সার্ব ক্ষণিক এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং পল্লী বিদ্যুৎ সমিতি, দিনাজপুর বরাবরে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সন্নসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।

বাজার মনিটরিং প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.৬: পবিত্র রমজান মাস উপলক্ষে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধি রোধে নিয়মিত বাজার মনিটরিংসহ ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে।	নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল) ও বাজার কর্মকর্তা দিনাজপুর বরাবরে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
আম, লিচু, কাঠালে ফরমালিনরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.৭: মৌসুমী ফল যেমন- আম, লিচু, কাঠালে ফরমালিনরোধে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে।	মৌসুমী ফলে ফরমালিনরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সকল উপজেলা নির্বাহী অফিসার এবং বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ (সকল) দিনাজপুর বরাবরে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
মাদকের কুফল বিষয়ে প্রতিরোধমূলক সভা প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.৮: জেলা ও উপজেলায় ইয়াবা/মাদকের কুফল বিষয়ে সিডির মাধ্যমে নাটিকা তৈরী করে শিক্ষার্থীদের প্রদর্শনের বিষয়টি অব্যাহত রাখতে হবে।	ইয়াবা/মাদকের কুফল বিষয়ে সিডির মাধ্যমে নাটিকা তৈরী করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন, দিনাজপুর, জেলা তথ্য অফিসার, দিনাজপুর, জেলা শিক্ষা অফিসার, দিনাজপুরকে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
নারী নির্যাতন প্রতিরোধ প্রসঙ্গে।	সিদ্ধান্ত- ৩.৯: নারী নির্যাতনপ্রবণ এলাকা/উপজেলায় উঠান বৈঠকের আয়োজন করে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে। কার্যক্রমের তথ্য নিয়মিতভাবে প্রেরণ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দিনাজপুরকে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
'অভিযোগ বাক্স' বসানো প্রসঙ্গে।	সিদ্ধান্ত- ৩.১০: মাদক ক্রয়/বিক্রয়রোধে প্রতি উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদে 'অভিযোগ বাক্স' বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) দিনাজপুরকে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
সীমানা পিলারে বাংলাদেশের অংশে **পাকিস্তান** লেখা প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৩.১১: দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত পিলারে Pakistan অথবা Pak নামে খোদাইকরা পিলারের পরিসংখ্যান আগামী সভার পুর্বে প্রেরণ করতে হবে।	Pakistan অথবা Pak নামে খোদাইকরা পিলারের পরিসংখ্যান প্রেরণের জন্য অধিনায়ক, ৪২,২০,২৯ বর্ডারগার্ড ব্যাটালিয়ন, দিনাজপুর/জয়পুরহাটকে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন পাওয়া যায়নি।
নাম্বারবিহীন ইজিবাইক প্রসঙ্গে।	সিদ্ধান্ত-৪.১: নাম্বারবিহীন ইজিবাইকের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে পৌর এলাকায় ব্যাপক মাইকিং করার জন্য অনুরোধ করা হয়।	মাইকিং করার বিষয়ে মেয়র, দিনাজপুর পৌরসভা এবং জেলা তথ্য অফিসার, দিনাজপুরেকে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।

অবৈধ স্থাপনায় বসবাসকারীদের তালিকা প্রসঙ্গে।	**সিদ্ধান্ত-৫.১:** সীমান্ত এলাকায় নোম্যান্স ল্যান্ডে অবৈধ স্থাপনায় বসবাসকারীদের তালিকা পরবর্তী সভার পূর্বে দাখিল করতে হবে	অবৈধ স্থাপনায় বসবাসকারীদের তালিকা প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।
গ্রাম আদালত পরিচালনা পসঙ্গে।	সিদ্ধান্ত-৬.১: প্রতি ইউনিয়নে গ্রাম আদালত কার্য কর এবং এ বিষয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।	গ্রাম আদালত পরিচালনা করার বিষয়ে সকল উপজেলা নির্ব াহী অফিসারের বরাবরে গত ০৪/০৬/২০১৭ তারিখে ৪৭৫ নং স্মারকে কার্য বিবরণীর সারসংক্ষেপ কপি প্রেরণ করা হয়েছে।

জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি : মীর খায়রুল আলম
জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সভা কক্ষ।
আলোচ্য মাস : মে' ২০১৭ খ্রি.।
সভার তারিখ : ১১ জুন' ২০১৭ খ্রি.।
সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিতি : (পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক গত ১৪ মে'২০১৭ তারিখে অনুষ্ঠিত জেলা আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। গত সভার আলোচনা ও সিদ্ধান্তে কোন সংশোধন/সংযোজন প্রস্তাব না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী অলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্ব সম্মতিক্রমেনিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

আলোচ্যসূচি -১: <u>উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান।</u>

সভায় বিবেচ্য মাসে উপজেলা আইন-শৃঙখলা কমিটির অনুষ্ঠিত সভা নিয়ে আলোচনা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভায় জানান, মে' ২০১৭ মাসে সকল উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সকল উপজেলা থেকে কার্য বিবরণী পাওয়া গেছে। সভায় নিয়মিত সভা করে কার্য বিবরণী যথাসময়ে প্রেরণ অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত - ১.১: প্রত্যেক উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভা করে সভার কার্যবিবরণীর হার্ড কপি ও সফটকপি পরবর্তী মাসের০৫ তারিখের মধ্যে ডাক/বাহক/ই-মেইল এর মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহীঅফিসার (সকল), দিনাজপুর।

আলোচ্যসূচি-২ : <u>জেলার সার্বিকআইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা।</u>

পুলিশ সুপার, দিনাজপুর অফিস হতে প্রাপ্ত মে' ১৭ মাসের অপরাধ বিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। মে' ২০১৭, এপ্রিল' ২০১৭ এবং মে' ২০১৬ মাসে দিনাজপুর জেলার তুলনামূলক অপরাধচিত্র নিম্নরূপ:

<u>দিনাজপুর জেলার মে' ২০১৭ মাসের সংঘটিত অপরাধ চিত্র পর্যালোচনা:</u>

মাসের নাম	ডাকাতি	দস্যুতা	খুন	দ্রুতবিচার আইন'০২	দাঙ্গা	নারী নির্যাতন			অপহরণ	পুলিশ আক্রান্ত	সিঁধেল চুরি
						ধর্ষণ	এসিড নিক্ষেপ	অন্যান্য ভাবে			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)
মে' ১৭	০১	নেই	০৪	নেই	নেই	০৭	নেই	১৭	০১	নেই	নেই
এপ্রিল '১৭	নেই	নেই	০৪	নেই	নেই	০৪	নেই	২৩	নেই	নেই	নেই
মে' ১৬	০১	০১	০৪	০১	নেই	০২	নেই	১৪	নেই	নেই	০২

চুরি				উদ্ধারজনিত কারণে রুজুকৃত মামলার সংখ্যা				অন্যান্য মামলা	সর্ব মোট মামলার সংখ্যা	মন্তব্য
গরু চুরি	মটর সাইকেল চুরি	তার চুরি	অন্যান্য চুরি	মাদক দ্রব্য	চোরা-চালান	অস্ত্র আইন	বিস্ফোরক			
১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	১৩
০৪	নেই	নেই	০২	২৭৮	৮৮	০১	নেই	৬২	৪৬৫	
০১	নেই	নেই	০২	২৪৪	৮৪	০১	নেই	৬৩	৪২৬	
০১	০৫	নেই	০১	৪৫	২৮	০২	নেই	১৩৪	২৪১	

অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য মে /১৭ মাসে ডাকাতি-০১, দস্যুতা-নেই, খুন-০৪টি, ধর্ষণ-০৭টি, দ্রুত বিচার আইন-নেই, নারী নির্যাতন ১৭ টি, মাদকদ্রব্য ২৭৮ টি, চোরাচালান ৮৮ টি, অস্ত্র আইন-০১ এবং অন্যান্য মামলা ৬২ টি সহ মোট ৪৬৫ টি বিভিন্ন ধরনের অপরাধ সংঘটিত হয়েছে। গত এপ্রিল/১৭ মাসে ডাকাতি-নেই, দস্যুতা-নেই, খুন-০৪টি, ধর্ষণ-০৪টি, দ্রুত বিচার আইন-নেই, নারী নির্যাতন ২৩ টি, মাদকদ্রব্য ২৪৪ টি, চোরাচালান ৮৪ টি, অস্ত্র আইন-০১ এবং অন্যান্য মামলা ৬৩ টি সহ মোট ৪২৬ টি বিভিন্ন ধরনের অপরাধ সংঘটিত হয়েছে। এপ্রিল/২০১৭ মাসের তুলনায় বিবেচ্য (মে/১৭) মাসে মাদক ও চোরাচালান সংক্রান্ত মামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। গত মাস এবং বিগত বছরের একই সময়ের তথ্যের প্রেক্ষিতে মে, ২০১৭ মাসে ধর্ষণ ও নারী নির্যাতনের মামলা বেড়েছে মর্মে দেখা যায়।

মাদক ও চোরাচালান মামলা প্রসঙ্গে পুলিশ সুপার সভায় জানান, আইন প্রয়োগকারী সংস্থাসমূহের তৎপরতা বৃদ্ধির কারণে মাদক ও চোরাচালানের মামলা বৃদ্ধি পেয়েছে। সভাপতি গুরুতর অপরাধ দমনে আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতার ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত-২.১ : খুন, নারী নির্যাতন, ধর্ষণ, মাদক ও চোরাচালান জনিত অপরাধ প্রতিরোধের লক্ষ্যে অপরাধীদের আইনের আওতায় আনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে গুরুতর অপরাধ সংগঠনকারীরা যেন সহজে জামিন/অব্যহতি/খালাস না পায় সে লক্ষ্যে সুষ্ঠুভাবে তদন্ত কার্যক্রম সম্পাদনসহকোর্ট ইন্সপেক্টরের মাধ্যমেপ্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে বিজ্ঞ পি.পি কে বিজ্ঞ আদালতে সরকারী স্বার্থ সংরক্ষণে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্যবিশেষভাবে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ১) পুলিশ সুপার, দিনাজপুর।
২) ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১৩, দিনাজপুর।
৩) উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর ।
৪) বিজ্ঞ পিপি, দিনাজপুর ।

আলোচ্যসূচি-৩ : সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রাসঙ্গিক বিষয়ে মুক্ত আলোচনা।

সভায় পবিত্র রমজান মাস এবং সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক প্রতিরোধ ও খুনের ন্যায় অপরাধ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনাকালে জানা যায়, হাকিমপুর উপজেলায় চন্ডিপুর গ্রামে মাদক ব্যবহার ও বিক্রয়কারীদের দৌরাত্ম বেড়েছে। এ বিষয়ে এলাকায় সাধারণ মানুষের মধ্যে অসন্তোষ রয়েছে। জেলার বিভিন্ন উপজেলায় মোটর সাইকেল ছিনতাইকারীদের দৌরাত্ম বেড়েছে মর্মে আলোচনা হয়। জানা যায় পুলিশ একটি সংঘবদ্ধ দলকে ইতোমধ্যে আটক করেছে। দিনাজপুর বটতলী সিটি পার্কের পার্শ্বে মদভাটি রয়েছে মর্মে ও সভায় জানানো হয়। এজন্য উক্ত এলাকায় ছিনতাই বৃদ্ধি পেয়েছে। গত সভার উদ্ধৃতি দিয়ে সভায় আলোচনা হয় যে, জেলার বিভিন্ন শহরে রাস্তা দিয়ে চলাচলকারী ট্রাক চালকদের নিকট হতে বিধি বহির্ভূতভাবে টোল আদায় করা হচ্ছে। এবিষয়ে পৌর মেয়র সভায় জানান যে, শুধুমাত্র ট্রাক টার্মিনালের জন্য টোল আদায়ের অনুমতি রয়েছে। কিন্তু মনগড়াভাবে যত্রতত্র টোল আদায় করা হচ্ছে মর্মে যে অভিযোগ উঠেছে তা তিনি খতিয়ে দেখবেন। পবিত্র রমজান মাসে হোটেল রেস্তোরাঁ দিনের বেলায় প্রকাশ্যে পানাহার বন্ধ রাখার জন্য হোটেল রেস্তোরাঁর মালিকগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া রমজান মাসে ইফতার ও তারাবী নামাজের সময় সার্বক্ষণিক এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয় লোড শেডিং এর কারণে বিক্ষুব্ধ জনগণ যাতে বিদ্যুৎ স্টেশনসমূহের ক্ষতিসাধন না করতে পারে সে বিষয়ে নিরাপত্তা নিশ্চিত করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানানো হয়। রমজান মাসকে কেন্দ্র করে অসাধু ব্যবসায়ীরা যাতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধি করতে না পারে সে জন্য নিয়মিত বাজার মনিটরিং করার জন্য বাজার কর্মকর্তাকে নির্দেশনা দেয়া হয় মাছ এবং মৌসুমী ফলসহ ভারত হতে আগত নিষিদ্ধ ঘোষিত সুন্দরী আমে ফরমালিন রয়েছে মর্মে সভায় আলোচিত হয়। এধরনের ফরমালিন ব্যবহারকারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সভায় মাদকজনিত অপরাধ বিষয়ে আলোচনায় জানা যায় যে, হাকিমপুর উপজেলার সাওতাল পল্লী ও চন্ডিপুরে মাদকের অভয়ারণ্য রয়েছে। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্টদের মাদক বিরোধী অভিযান বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। সন্ত্রাস ও মাদকবিরোধী সামাজিক সচেতনতা বাড়াতে জেলার সকল সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, স্কুল-কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ সকল স্তরের জনগণের সমন্বয়ে সামাজিক আন্দোলন অব্যাহত রাখতে হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।

সভায় আরও আলোচনা করা হয় যে, বোচাগঞ্জ উপজেলায় আন্তর্জাতিক সীমান্তে ১০০ গজের মধ্যে জনৈক আব্দুস ছামাদ এর বাড়ী নোম্যানস্ ল্যান্ডে অবস্থিত। রাস্তা তৈরীর কাজে তার বসতবাড়ী অপসারণ অপরিহার্য। উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জকে বাড়ীটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে এখন পর্যন্ত Pakistan অথবা Pak নামে খোদাই করা পিলার রয়েছে যা কোনভাবেই কাম্য নয়। এসকল পিলার আগামী সভার পূর্বেই জরুরী ভিত্তিতে চিহ্নিত করে একটি তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও বিজিবি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সভায় পুলিশ সুপার, দিনাজপুর জানান যে, ঈদের সময় সবাই বাড়তি আয় করতে চায়, এমনকি পকেটমার পর্যন্ত। তিনি জানান যে মাদকের বিরুদ্ধে দৃঢ় অবস্থানের কারণে উল্লেখযোগ্য সংখ্যক মামলা দায়ের হয়েছে। মোবাইল কোর্টের মাধ্যমে প্রচুর আসামীদেরকে শাস্তি প্রদান করা হয়েছে। তিনি জানান যে, মাদকের বিরুদ্ধে আইনী পদক্ষেপের পাশাপাশি পুনর্বাসন করা দরকার। এজন্য তিনি ধনাঢ্য

ব্যক্তিদের এগিয়ে আসার জন্য অনুরোধ করেন। তিনি আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক কৃত অনৈতিক কাজ সম্পর্কে তাঁকে অবহিত করতে বলেন।

=৪=

সভার সদস্য জনাব আলতাফুজ্জামান মিতা জানান যে, যেখানেই পৌরসভা আছে সেখানেই টোল আদায়ের ব্যবস্থা আছে। তিনি মোটর সাইকেলের দোকানের উপর নজরদারী এবং এর সাথে বিআরটিএ'র সম্পৃক্ততা খতিয়ে দেখার জন্য অনুরোধ করেন। তিনি মাদকের স্পট হিসেবে সিটি পার্কে অভিযান চালানোর জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত-৩.১: হাকিমপুর উপজেলায় চন্ডিপুর গ্রামে মাদক ব্যবহার ও বিক্রয়কারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পুনরায় অনুরোধ করা হয়। আগামী সভায় এবিষয়ে অগ্রগতি জানাতে উপজেলা নির্বাহী অফিসার হাকিমপুর, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ১। অধিনায়ক, ২০ বিজিবি, জয়পুরহাট।
২। উপজেলা নির্বাহী অফিসার,হাকিমপুর, দিনাজপুর।
৩। অফিসার ইন- চার্জ, হাকিমপুর থানা, দিনাজপুর।

সিদ্ধান্ত-৩.২: দিনাজপুর জেলা শহরে চলাচলকারী ট্রাক চালক ও ভটভটি চালকের নিকট হতে বিধি বহির্ভূতভাবে টোল আদায় বন্ধ করতে হবে। বিষয়টির প্রতি বিশেষ নজর দেয়ার জন্য পুলিশ সুপার, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। মেয়র, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।

সিদ্ধান্ত-৩.৩: পবিত্র রমজান মাসে হোটেল রেস্তোরাঁয় দিনের বেলা প্রকাশ্যে পানাহার বন্ধ রাখতে হবে।

বাস্তবায়নে : ১। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, দিনাজপুর।
২। সভাপতি, হোটেল রেস্তোরা মালিক সমিতি, দিনাজপুর।

সিদ্ধান্ত- ৩.৪: রমজান মাসে ইফতার ও তারাবী নামাজের সময় সার্বক্ষণিক এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতেহবে। এছাড়া লোড শেডিং এর কারণে বিক্ষুব্ধ জনগণ যাতে বিদ্যুৎ স্টেশনসমূহের ক্ষতিসাধন না করতে পারে সে বিষয়ে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ-১,২, নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কো লি:, দিনাজপুর।
৩। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২, দিনাজপুর ।
৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর ।

সিদ্ধান্ত- ৩.৫: ফরমালিন মিশ্রিত মাছ এবং মৌসুমী ফলসহ ভারত হতে আগত নিষিদ্ধ ঘোষিত সুন্দরী আম যাতে ক্রয় বিক্রয় না হয় সে বিষয়ে সতর্কতা অবলম্বনসহ নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর ।
৩। জেলা বাজার কর্মকর্তা, দিনাজপুর।
৪। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, দিনাজপুর।

সিদ্ধান্ত-৩.৬: জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকবিরোধী জনসচেতনতা বাড়াতে সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, স্কুল কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের সমন্বয়ে কার্য কর সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর।
৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
৬। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর।
৭। এনজিও (সকল), দিনাজপুর।

সিদ্ধান্ত-৩.৭: বোচাগঞ্জ উপজেলায় আন্তর্জাতিক সীমান্তে ১০০ গজের মধ্যে জনৈক আব্দুস ছামাদ এর বাড়ী নোম্যানস্ ল্যান্ডে অবস্থিত হওয়ায় বাড়ীটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে : ১। উপজেলা নির্বাহী অফিসার,বোচাগঞ্জ, দিনাজপুর।

সিদ্ধান্ত-৩.৮: দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত পিলারে Pakistan অথবা Pak নামে খোদাইকরা পিলারের পরিসংখ্যান আগামী সভার পূর্বে প্রেরণ করতে হবে

বাস্তবায়নে : ১। অধিনায়ক, ৪২, ২৯, ২০, বর্ডার গার্ড ব্যাটালিয়ন,দিনাজপুর, জয়পুরহাট, ফুলবাড়ী।
২। উপজেলা নির্বাহী অফিসার,সংশ্লিষ্ট উপজেলা, দিনাজপুর

সিদ্ধান্ত- ৩.৯: নারী নির্যাতনপ্রবণ এলাকা/উপজেলায় উঠান বৈঠকের আয়োজন করে সচেতনতামূলক কার্য ক্রম পরিচালনা করতে হবে কার্য ক্রমের তথ্যনিয়মিতভাবে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে : জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দিনাজপুর।

সিদ্ধান্ত-৩.১০: মাদক প্রবণ এলাকায় বিশেষ করে সিটিপার্ক এলাকায় টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে। মোটর সাইকেলের দোকানের উপর বিশেষ নজরদারী করতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।

আলোচ্য সূচি-৪: <u>ইজিবাইক সংক্রান্ত:</u> সভায় দিনাজপুর শহরে বিদ্যমান নাম্বারবিহীন ইজিবাইক চলাচল সংক্রান্ত বিষয়ে ব্যাপক আলোচনা হয়। নাম্বারবিহীন ইজিবাইকরোধে শহরের প্রবেশ পথসমূহে মোবাইল কোর্ট পরিচালনাকরার সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ১২/০৬/২০১৭ তারিখ সকাল ৭.০০ ঘটিকা হতে ম্যাজিস্ট্রেট, পুলিশ এবং পৌর কর্তৃপক্ষের প্রতিনিধির সমন্বয়ে অভিযান পরিচালনা করা যায় মর্মে আলোচনা হয়।

সিদ্ধান্ত-৪: জেলা শহরকে যানজটমুক্ত রাখতে নাম্বারবিহীন ইজিবাইক চলাচলে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। মেয়র, দিনাজপুর পৌরসভা,দিনাজপুর।

৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।

আলোচ্য সূচি-৫: O-morphon নামক ট্যাবলেটবিক্রয় ও সংরক্ষণ সংক্রান্ত-ইনজেকশন ক্রয়/: O-morphon নামক ট্যাবলেট ইনজেকশন/অবৈধ মাদক হিসেবে ব্যবহাররোধে গঠিত কমিটির ১৫ মে, ২০১৭ তারিখের সভার সুপারিশ এবং জেলা আইনশৃঙ্খলা - :তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী দিনাজপুর জেলায় মেসার্স জিসকা ফার্মাসিউটিক্যাল লি২০১৭ ,এপ্রিল ০৯কমিটির গত কোম্পানী কর্তৃক জেলা শহরে তালিকাভুক্ত ১৩ টি ঔষধের দোকানে O-morphon নামক ট্যাবলেটইনজেকশন ক্রয় বিক্রয়/ করে থাকে। নির্ধারিত১৩ টি দোকান ব্যতীত জেলা শহর এবং উপজেলা পর্যায়ে কোন ঔষধের দোকানেO-morphon নামক ট্যাবলেটপ্রদর্শন বা ,সংরক্ষণ ,ইনজেকশন ক্রয় বিক্রয়/ টি ঔষধের দোকানে বর্ণিত ঔষধ বিক্রয়ের ক্ষেত্রে স্টক রেজিস্টার এবং বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ ১৩মজুত করা যাবেনা। এছাড়া তালিকাভুক্ত করণ এবং ডাক্তার প্রদত্ত প্রেসক্রিপশনের ফটোকপি সংরক্ষণসহ ঔষধের পরিমাণ উল্লেখ করে দোকানের সীল ব্যবহার করতে হবে।

সিদ্ধান্ত-৫: তালিকাভুক্ত ১৩ টি ঔষধের দোকানে বর্ণিত ঔষধ বিক্রয়ের ক্ষেত্রে স্টক রেজিস্টার এবং বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ করণ এবং ডাক্তার প্রদত্ত প্রেসক্রিপশনের ফটোকপি সংরক্ষণসহ ঔষধের পরিমাণ উল্লেখ করে দোকানের সীল ব্যবহার করতে হবে।

বাস্তবায়নে: ১। ঔষধ তত্ত্বাবধায়, দিনাজপুর।

২। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি (বিসিডিএস), দিনাজপুর।

আলোচ্য সূচি-৬: নোম্যান্স ল্যান্ডে অবৈধ স্থাপনা উচ্ছেদ প্রসঙ্গে: মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রে সীমান্ত এলাকায় নোম্যান্স ল্যান্ডে অবৈধ স্থাপনা গড়ে উঠেছে মর্মে জানা গেছে অবৈধ স্থাপনায় বসবাসকারীরা মাদকসহ অন্যান্য সকল অপরাধের সংগে জড়িত রয়েছে। অবৈধ স্থাপনা উচ্ছেদের বিষয়ে নির্দেশনা পাওয়া গেছে। অবৈধভাবে বসবাসকারীদের তালিকা পরবর্তী সভার পূর্বে দাখিলের জন্য সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়

সিদ্ধান্ত-৬: সীমান্ত এলাকায় নোম্যান্স ল্যান্ডে অবৈধ স্থাপনায় বসবাসকারীদের তালিকা পরবর্তী সভার পূর্বে দাখিল করতে হবে।

বাস্তবায়নে : ১। উপজেলা নির্বাহীঅফিসার (সংশ্লিষ্ট), দিনাজপুর।

আলোচ্য সূচি-৭: গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত : সভায় আলোচনা হয় যে, পারিবারিক ও সামাজিক দ্বন্দ্ব এড়াতে এবং

আদালতসমূহে মামলার জট কমাতে গ্রাম আদালত কার্যকরকরার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহীঅফিসারগণকে অনুরোধ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসারগণ জানান নিজ নিজ ইউনিয়নে ইউপি চেয়ারম্যানগণ মে/২০১৭ মাসে গ্রাম আদালত পরিচালনা করেছেন। সভায় গ্রাম আদালতের সংশ্লিষ্ট সকল ফরম ও আদেশনামা ব্যবহার করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের নির্দেশনা দিতে উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। সভায় গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করা হয় (পরিশিষ্ট খ)।

সিদ্ধান্ত-৭: প্রতি ইউনিয়নে গ্রাম আদালত কার্যকর এবং এ বিষয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/০৩/৭/১৭
(মীর খায়রুল আলম)
জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্য ালয় দিনাজপুর।
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫. ৫৫.২৭০০.০০৮.১০.০০২.১৭- ৫৫৯ তারিখ: ০৫ জুলাই, ২০১৭ খ্রি.।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্য ার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, জেলা আইন-শৃঙখলা কমিটি, দিনাজপুর –
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। সেক্টর অধিনায়ক, বর্ড ার গার্ড সেক্টর সদর দপ্তর, দিনাজপুর।
৬। অধিনায়ক, ৪২ ,২০ , ২৯ বর্ড ার গার্ড ব্যাটালিয়ন.....
৭। পুলিশ সুপার, দিনাজপুর।
৮। প্রধান নির্ব াহী কর্ম কর্তা জেলা পরিষদ, দিনাজপুর।
৯। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ... দিনাজপুর (সকল) ।
১০। অধ্যক্ষ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর।
১১। সিভিল সার্জন, দিনাজপুর।
১২। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১৩,দিনাজপুর ।
১৩। অধ্যক্ষ, দিনাজপুর সরকারী/মহিলা কলেজ, দিনাজপুর।
১৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বি ক)/(রাজস্ব)/(শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
১৫। উপজেলা নির্ব াহী অফিসার..... (সকল), দিনাজপুর।
১৬। মেয়র, ... পৌরসভা, দিনাজপুর।
১৭। … … … … … … … … … … … … … … … … … .দিনাজপুর।
১৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, দিনাজপুর/জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
১৯। উপ পরিচালক, জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, দিনাজপুর ।/ইসলামিক ফাউন্ডেশন,দিনাজপুর।
২০। জেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা, দিনাজপুর / জেলা খাদ্য নিয়ন্ত্রক,দিনাজপুর/ জেলা মার্কেটিং অফিসার,দিনাজপুর।
২১। সহকারী কমিশনার (গোপনীয়), দিনাজপুর । জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।
২৩। সহকারী পরিচালক, এন.এস.আই, দিনাজপুর / জেলা তথ্য অফিসার, দিনাজপুর।
২৪। সহকারী পরিচালক, বিআরটিএ, দিনাজপুর।
২৫। সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল/ বীরগঞ্জ সার্কেল/ ফুলবাড়ী সার্কেল, দিনাজপুর।
২৬। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, দিনাজপুর।
২৭। তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, দিনাজপুর।

২৮। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ,জেলা কমান্ড, দিনাজপুর।
২৯। অধ্যক্ষ, বীরগঞ্জ ডিগ্রী কলেজ, দিনাজপুর।
৩০। সভাপতি, বার এসোসিয়েশন, দিনাজপুর।
৩১। সভাপতি/সম্পাদক, ..., দিনাজপুর ।
৩২। .....

স্বাক্ষরিত/০৫/৭/১৭
(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর।
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫. ৫৫.২৭০০.০০৮.১০.০০২.১৭- তারিখ: /০৭/২০১৭ খ্রিঃ।

বিষয় : জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ে গত ১১ জুন' ২০১৭ তারিখে অনুষ্ঠিত জেলা আইন- শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত সার-সংক্ষেপ কপি অত্রসাথ তাঁর বরাবরে প্রেরণ করা হলো।

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সিদ্ধান্ত ১:	**সিদ্ধান্ত-১.১:** প্রত্যেক উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভা করে সভার কার্যবিবরণীর হার্ড কপি ও সফটকপি পরবর্তী মাসের০৫ তারিখের মধ্যে ডাক/বাহক/ই-মেইল এর মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহীঅফিসার (সকল), দিনাজপুর।
সিদ্ধান্ত ২.১ :	**সিদ্ধান্ত-২.১ :** খুন, নারী নির্যাতন, ধর্ষণ, মাদক ও চোরাচালান জনিত অপরাধ প্রতিরোধের লক্ষ্যে অপরাধীদের আইনের আওতায় আনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গুরুতর অপরাধ সংগঠনকারীরা যেন সহজে জামিন/অব্যহতি/খালাস না পায় সে লক্ষ্যে সুষ্ঠুভাবে তদন্ত কার্যক্রম সম্পাদনসহ কোর্ট ইন্সপেক্টরের মাধ্যমেপ্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে বিজ্ঞ পি.পি কে বিজ্ঞ আদালতে সরকারী স্বার্থ সংরক্ষণে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।	১) পুলিশ সুপার, দিনাজপুর। ২) ক্যাম্প কমান্ডার, র‌্যাব-১৩, দিনাজপুর। ৩) উপজেলা নির্বাহী অফিসার(সকল) দিনাজপুর । ৪) বিজ্ঞ পিপি, দিনাজপুর ।
সিদ্ধান্ত ৩.১ :	**সিদ্ধান্ত-৩.১:** হাকিমপুর উপজেলায় চন্ডিপুর গ্রামে মাদক ব্যবহার ও বিক্রয়কারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পুনরায় অনুরোধ করা হয়। আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি জানাতে উপজেলা নির্বাহী অফিসার হাকিমপুর, দিনাজপুরকে অনুরোধ করা হয়।	১। অধিনায়ক, ২০ বিজিবি, জয়পুরহাট। ২।উপজেলা নির্বাহী অফিসার হাকিমপুর দিনাজপুর। ৩। অফিসার ইন- চার্জ, হাকিমপুর থানা, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.২ :	**সিদ্ধান্ত-৩.২:** দিনাজপুর জেলা শহরে চলাচলকারী ট্রাক চালক ও ভটভটি চালকের নিকট হতে বিধি বহির্ভূতভাবে টোল আদায় বন্ধ করতে হবে। বিষয়টির প্রতি বিশেষ নজর দেয়ার জন্য পুলিশ সুপার, দিনাজপুরকে অনুরোধ করা হয়।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। মেয়র, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৩ :	**সিদ্ধান্ত-৩.৩:** পবিত্র রমজান মাসে হোটেল রেস্তোরাঁয় দিনের বেলা প্রকাশ্যে পানাহার বন্ধ রাখতে হবে।	১। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, দিনাজপুর। ২। সভাপতি, হোটেল রেস্তোরা মালিক সমিতি, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৪ :	**সিদ্ধান্ত- ৩.৪:** রমজান মাসে ইফতার ও তারাবী নামাজের সময় সার্বক্ষণিক এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। এছাড়া লোড শেডিং এর কারণে বিক্ষুব্ধ জনগণ যাতে বিদ্যুৎ স্টেশনসমূহের ক্ষতিসাধন না করতে পারে সে বিষয়ে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ-১,২, নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কো লি:, দিনাজপুর। ৩। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২, দিনাজপুর । ৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর ।
সিদ্ধান্ত ৩.৫ :	**সিদ্ধান্ত- ৩.৫:** ফরমালিন মিশ্রিত মাছ এবং মৌসুমী ফলসহ ভারত হতে আগত নিষিদ্ধ ঘোষিত সুন্দরী আম যাতে ক্রয় বিক্রয় না হয় সে বিষয়ে সতর্কতা অবলম্বনসহ নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর । ৩। জেলা বাজার কর্মকর্তা, দিনাজপুর। ৪। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, দিনাজপুর।

চলমান- ২

সিদ্ধান্ত ৩.৬ :	**সিদ্ধান্ত-৩.৬:** জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকবিরোধী জনসচেতনতা বাড়াতে সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবী, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, স্কুল কলেজের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের সমন্বয়ে কার্য কর সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), দিনাজপুর। ৩। উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর। ৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর। ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর। ৬। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর। ৭। এনজিও (সকল), দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৭ :	**সিদ্ধান্ত-৩.৭:** বোচাগঞ্জ উপজেলায় আন্তর্জাতিক সীমান্তে ১০০ গজের মধ্যে জনৈক আব্দুস ছামাদ এর বাড়ী নোম্যানস্ ল্যান্ডে অবস্থিত হওয়ায় বাড়ীটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা নির্ব াহী অফিসা; বোচাগঞ্জ, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৮ :	**সিদ্ধান্ত-৩.৮:** দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত পিলারে Pakistan অথবা Pak নামে খোদাইকরা পিলারের পরিসংখ্যান আগামী সভার পূর্বে প্রেরণ করতে হবে	১। অধিনায়ক, ৪২, ২৯, ২০, বর্ড ার গার্ড ব্যাটালিয়; দিনাজপুর, জয়পুরহাট, ফুলবাড়ী। ২। উপজেলা নির্ব াহী অফিসার সংশ্লিষ্ট উপজেলা, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.৯ :	**সিদ্ধান্ত- ৩.৯:** নারী নির্য াতন প্রবণ এলাকা/উপজেলায় উঠান বৈঠকের আয়োজন করে সচেতনতামূলক কার্য ক্রম পরিচালন করতে হবে। কার্য ক্রমের তথ্য নিয়মিতভাবে প্রেরণ করতে হবে	জেলা মহিলা বিষয়ক কর্ম কর্ত, দিনাজপুর।
সিদ্ধান্ত ৩.১০ :	**সিদ্ধান্ত-৩.১০:** মাদক প্রবণ এলাকায় বিশেষ করে সিটিপার্ক এলাকায় টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে। মোটর সাইকেলের দোকানের উপর বিশেষ নজরদারী করতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর। ৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।
সিদ্ধান্ত-৪:	**সিদ্ধান্ত-৪:** জেলা শহরকে যানজটমুক্ত রাখতে নাম্বারবিহীন ইজিবাইক চলাচলে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার, দিনাজপুর। ২। মেয়র, দিনাজপুর পৌরসভা,দিনাজপুর। ৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
সিদ্ধান্ত-৫:	**সিদ্ধান্ত-৫:** তালিকাভূক্ত ১৩টি ঔষধের দোকানে বর্ণি ত ঔষধ বিক্রয়ের ক্ষেত্রে স্টক রেজিস্টার এবং বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধকরণ এবং ডাক্তারের প্রদত্ত প্রেসক্রিপশনের ফটোকপি সংরক্ষণসহ ঔষধের পরিমাণ উল্লেখ করে দোকানের সীল ব্যবহার করতে হবে।	১। ঔষধ তত্ত্বাবধায়ক, দিনাজপুর। ২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেমিষ্ট এন্ড ড্রাগিস্ট সমিতি (বিসিডিএস), দিনাজপুর।
সিদ্ধান্ত-৬:	**সিদ্ধান্ত-৬:** সীমান্ত এলাকায় নোম্যান্স ল্যান্ডে অবৈধ স্থাপনায় বসবাসকারীদের তালিকা পরবর্তী সভার পূর্বে দাখিল করতে হবে	উপজেলা নির্ব াহী অফিসার(সংশ্লিষ্ট), দিনাজপুর।
সিদ্ধান্ত-৭:	**সিদ্ধান্ত-৭:** প্রতি ইউনিয়নে গ্রাম আদালত কার্য কর এবং এ বিষয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।	উপজেলা নির্ব াহী অফিসার(সকল), দিনাজপুর।

উপরিউক্ত সিদ্ধান্তাবলী বাস্তবায়ন পূর্ব ক আগামী ০৬/০৭/২০১৭ খ্রি. তারিখের প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর।

প্রাপক… … … … … … … … … … … … … … … ……..

… … … … … … … … … … … … .দিনাজপুর।

পরিশিষ্ট“খ”

ক্র: নং:	উপজেলার নাম	পূর্ব বর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিষ্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
১।	দিনাজপুর সদর	১৩৪	২৫	১৫৯	২৭	১৩২	-
২।	বিরল	২১৪	৪১	২৫৫	৪০	২১৫	
৩।	বোচাগঞ্জ	৭৫	১১	৮৬	১৫	৭১	
৪।	কাহারোল	৮০	০৮	৮৮	১৪	৭৪	
৫।	বীরগঞ্জ	২৫৯	১১০	৩৬৯	৫৯	৩১০	
৬।	খানসামা	৯৯	৩৪	১৩৩	২৭	১০৬	
৭।	চিরিরবন্দর	৩২২	৫৫	৩৭৭	৫৬	৩২১	
৮।	পার্ব তীপু:	১৮২	৪৭	২২৯	৪৮	১৮১	
৯।	ফুলবাড়ী	১১	১৫	২৬	১২	১৪	
১০।	বিরামপুর	১৫৭	২৫	১৮২	২৭	১৫৫	
১১।	নবাবগঞ্জ	২১১	২৬	২৩৭	২৮	২০৯	
১২।	হাকিমপুর	৫৬	২৫	৮১	৩১	৫০	
১৩।	ঘোড়াঘাট	৬১	২৩	৮৪	২৪	৬০	
	সর্ব মোট=	১৮৬১	৪৪৫	২৩০৬	৪০৮	১৮৯৮	